

💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতে বৃক্ষ-সংখ্যা বৃদ্ধি করার উপায় রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতে বৃক্ষ-সংখ্যা বৃদ্ধি করার উপায়

পরিবেশ রক্ষা ও সুন্দর করার জন্য গাছ লাগানো একটি উত্তম কাজ। দুনিয়ায় গাছ লাগিয়ে আমরা পরিবেশকে মনোরম করতে পারি। আমরা গাছ থেকে অক্সিজেন পাই, ছায়া পাই, খাদ্য পাই, সুগন্ধ পাই। আমরা বলে থাকি, গাছ লাগান, গাছ বাঁচান। একটি গাছ, একটি প্রাণ। গাছ লাগিয়ে আমরা আমাদের বাড়ির বাগানকে সুন্দর করি। কিন্তু পরকালের বাড়িকে সুন্দর করার কথা কি ভাবি?

আমরা কি জানি যে, সেখানেও গাছ লাগানো যাবে এই দুনিয়া থেকেই, গাছ থাকলেও গাছ আরো বৃদ্ধি করা যাবে? মহানবী (ﷺ) বলেছেন, "যে ব্যক্তি 'সুবহানাল্লাহি অবিহামদিহ' পড়ে, তার জন্য জান্নাতের মধ্যে একটি খেজুর বৃক্ষ রোপণ করা হয়।" (তিরমিযী)

তিনি আরো বলেছেন, "মিরাজের রাতে ইব্রাহীম (আঃ)-এর সঙ্গে আমার সাক্ষাৎ ঘটে। তিনি বললেন, হে মুহাম্মাদ! তুমি তোমার উম্মতকে আমার সালাম পেশ করবে এবং তাদেরকে বলে দেবে যে, জান্নাতের মাটি পবিত্র ও উৎকৃষ্ট, তার পানি মিষ্ট। আর তা একটি বৃক্ষহীন সমতলভূমি। আর 'সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ লা ইলাহা ইল্লাল্লাহ' ও 'আল্লাহু আকবার' হল তার রোপিত বৃক্ষ।" (তিরমিয়ী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12179

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন